

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৭.২০১৬-

তারিখঃ-----খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ সেলিমুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, শার্শা, যশোর একই জেলাধীন ঝিকরগাছা, যশোর-এ কর্মকালীন ক্ষুদ্রঋণ কার্য-নির্দেশিকার শর্তাবলী অনুসরণ না করে ক্রেডিট সুপারভাইজাদের যোগসাজশে ২০ জন ঋণীকে ৪-৭ দফা পর্যন্ত মোট ১৭,৮৬,৫০০/- টাকা ঋণ প্রদান করার অভিযোগে অধিদপ্তরের ২১-৬-২০১৬ খ্রিঃ তারিখের ১৭০ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ০৪-৮-২০১৬ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীকালে তিনি লিখিত বক্তব্যের পুনরাবৃত্তি করে বলেন দফা অতিক্রমকারী ঋণীর সংখ্যা ২০ জন নয় ১২ জন, তিনি আরও বলেন পূর্বের ঋণ নির্দেশিকায় অধিক আত্মকর্মী সৃজনের উপর বিশেষ গুরুত্ব না থাকায় এবং দফা অতিক্রমের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা না থাকায় দফা অতিক্রম করে ঋণ দিয়েছেন। সবশেষে তিনি অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা চান এবং বিভাগীয় মামলা হতে অব্যাহতির আবেদন জানান।

যেহেতু, অভিযুক্তের প্রদত্ত বক্তব্য এবং নথিপত্র পর্যালোচনায় দেখা যায় দফা অতিক্রম করে বিতরণকৃত ঋণ সমূহ ইতোমধ্যে পরিশোধিত হয়েছে। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি। সার্বিক অবস্থা পর্যালোচনায় জনাব মোঃ সেলিমুজ্জামান-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে অভিযুক্ত কর্মকর্তা মোঃ সেলিমুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো। তবে ভবিষ্যতে দফা অতিক্রম করে ঋণ প্রদান না করার জন্য তাকে সতর্ক করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন-৯৫৫৯৩৮৯।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৭.২০১৬-৩০০

তারিখঃ ১৭-১১-২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, শার্শা/ ঝিকরগাছা, যশোর।
- ০৬। জনাব মোঃ সেলিমুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, শার্শা, যশোর।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃংখলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।